৭৩

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 03 OCT. 1998 ...
পৃষ্ঠা: ... ২ ... কলাম ... ৩ ...

# তিন শ' মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার কোর্স চালু করা হচ্ছে

জনকণ্ঠ রিপোর্ট

দেশের তিন শ' সরকারী ও বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে কম্পিউটার কোর্স চালু করা হচ্ছে। নবম ও দশম শ্রেণীতে চালু করা হবে এ কোর্স। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক কোর্সটি চালুর জন্য অবিলম্বে একটি অফিস আদেশ জারি করবেন। কোর্সটি চালু হলে প্রতিবছর প্রায় ২০ হাজার শিক্ষার্থী কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ লাভ করবে।

সূত্র জানায়, 'নির্বাচিত মাধ্যমিক বিদ্যালয়ে ডাবল শিফট্ চালুকরণ এবং সম্প্রসারণ প্রকল্পের আওতায় প্রকল্পভুক্ত তিন শ' মাধ্যমিক বিদ্যালয়ে কোর্সটি চালু করা হচ্ছে। কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ দেয়ার জন্য প্রত্যেক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষককে মনোনয়ন দেয়া হবে। বিদ্যালয় কর্তৃপক্ষ একজন সহকারী শিক্ষকের নাম মনোনয়ন আকারে শিক্ষা অধিদফতরে প্রেরণ করবে।

সূত্র জানায়, প্রকল্পভুক্ত তিন শ' সহকারী শিক্ষককে প্রশিক্ষণের জন্য নট্রামস, বগুড়ায় প্রেরণ করা হবে। প্রশিক্ষণ প্রাপ্ত হবার পর শিক্ষকবৃন্দ কম্পিউটার শিক্ষক হিসাবে নিয়োগ পাবেন। তাদের দুই শিফটেই কম্পিউটার ক্লাস নিতে হবে।

এদিকে যেসব বিদ্যালয়ে কম্পিউটার কোর্স চালু করা হবে সেখানে কম্পিউটার ও প্রয়োজনীয় কম্পিউটার সামগ্রী প্রকল্পের পক্ষ থেকে দেয়া হবে। নট্রামস থেকে প্রশিক্ষণ গ্রহণের পর শিক্ষক বিদ্যালয়ে যোগ দিলে সরবরাহ করা হবে কম্পিউটার।

সূত্র জানায়, প্রকল্পের কাজ শুরু হলে প্রতিবছর প্রায় ২০ হাজার ছাত্রছাত্রী কম্পিউটার বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান লাভ করবে।